# উদ্ভাবন-সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন, ২০১৬

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ভূমি মন্ত্রণালয়
### বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**-: সূচিপত্র :-**

পৃষ্ঠা

## উদ্ভাবনী বার্ষিক প্রতিবেদন, ২০১৫

১। অনলাইনে নামজারী। ....... 3
২। ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন....... 4
৩। প্রতিটি উপজেলা ভূমি অফিসে হেল্প ডেস্ক স্থাপন। ....... 5
৪। অনলাইনের মাধ্যমে ভূমি সংক্রান্ত যাবতীয়সেবা প্রদান ....... 6
৫। জনবান্ধব ভূমি অফিস....... 7
৬। ক) অডিও রেকর্ডিং এর মাধ্যমে সেবা সহজীকরণ, খ) মিস কেস সহজীকরণ, গ) খারিজ কেস সহজীকরণ ....... 8
৭। সেবা প্রার্থীদের জন্য ওয়েটিং সিট নতুন রেকর্ডরুম নির্মাণ, অফিস এলাকায় পাকা রাস্তা নির্মাণ ও ইউনিয়ন ভূমি অফিস সংস্কার ....... 9
৮। ভূমি সংস্কার বোর্ড হতে মাঠ পর্যায়ের অফিস সমূহে দ্রুত বাজেট স্থানান্তর....... 10
৯। অনলাইনে অডিট রিপোর্ট দাখিলের ব্যবস্থা করা (১ম পর্যায়ে ঢাকা ও গাজীপুর)। ....... 11
১০। অনলাইনে প্রশিক্ষণ কোর্সের রেজিষ্ট্রেশন ও প্রশিক্ষণ কোর্সের বক্তা মূল্যায়ন।। ....... 12

# উদ্ভাবনী প্রকল্পসমূহ

## ১। অনলাইনে নামজারী।

- **সমস্যাঃ** নামজারীর দীর্ঘসূত্রিতা, সেবাগ্রহীতার হয়রানি, অর্থ ও সময়ের অপচয়।
- **সমস্যার মূল কারণঃ** নামজারীর পুরাতন পদ্ধতি অনুসরণ।
- **সমাধানঃ** অনলাইনে আবেদন গ্রহণের মাধ্যমে ধারাবাহিকভাবে নামজারী মামলা নিষ্পত্তি করা হচ্ছে। ফলশ্রুতিতে মামলার নিষ্পত্তির ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষার সাথে সাথে সেবাগ্রহীতার হয়রানি, অর্থ ও সময় ব্যয় বহুলাংশে কমেছে।
- **ফলাফলঃ** নামজারী মামলা আরও দ্রুততার সাথে নিষ্পত্তিসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা অনেকাংশেই সম্ভব হয়েছে এবং এ প্রক্রিয়ার সাথে জড়িত মধ্যস্বত্তভোগীদের দৌরাত্ম কমেছে।
- **চ্যালেঞ্জসমূহঃ** কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ এবং নতুন পদ্ধতি গ্রহণে ভীতি ও অনীহা।
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে উল্লিখিত চ্যালেঞ্জ মোকাবেলা করা হচ্ছে। পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ আরও নিবিড় প্রশিক্ষণ এবং উদ্বুদ্ধকরণ। পাশাপাশি এ পদ্ধতি অনুসরণ বাধ্যতামূলক করা।
- **বাস্তবায়ন এলাকাঃ মেহেরপুর সদর উপজেলা, মেহেরপুর।**
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.১০.২০১৬ খ্রিস্টাব্দ।
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** চলমান।
- **সুবিধাভোগীর ধরণ ও** সংখ্যাঃ সকল সেবাগ্রহীতা।
- ব্যয়ের পরিমাণ ও উৎসঃ ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, [সহকারী কমিশনার (ভূমি), মেহেরপুর সদর, মেহেরপুর এর নিজ ব্যবস্থাপনায়]
- **বাস্তবায়নকারীঃ** সহকারী কমিশনার (ভূমি), মেহেরপুর সদর, মেহেরপুর।
- **জেলাঃ** মেহেরপুর।
- **বিভাগঃ** খুলনা।

## ২। ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন

- **সমস্যাঃ** মৌজা ম্যাপ ও রেকর্ডের সার্টিফাইড কপি পেতে দীর্ঘসূত্রিতা এবং সময় ও অর্থের অপচয়।
- **সমস্যার মূল কারণঃ** পুরাতন পদ্ধতি অনুসরণের কারণে রেকর্ডের সার্টিফাইড কপি সরবরাহে সময় বেশী লাগতো। এছাড়া অপতুলতাহেতু চাহিদা অনুযায়ী মৌজা ম্যাপ সরবরাহ করা সম্ভব হতো না।
- **সমাধানঃ** রেকর্ডের সার্টিফাইড কপি ও মৌজা ম্যাপ সরবরাহে ডিজিটাল পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। ফলে জনসাধারণের হয়রানি কমেছে। দ্রুততার সাথে চাহিদা অনুযায়ী রেকর্ডের সার্টিফাইড কপি ও মৌজা ম্যাপ সরবরাহ করা বহুলাংশে সম্ভব হচ্ছে।
- **ফলাফলঃ** দ্রুততার সাথে চাহিদা অনুযায়ী রেকর্ডের সার্টিফাইড কপি ও মৌজা ম্যাপ সরবরাহ করা বহুলাংশে সম্ভব হচ্ছে। এ পদ্ধতিতে রেকর্ডের সার্টিফাইড কপি সরবরাহের ফলে একইসাথে উপজাত হিসেবে রেকর্ডের ডাটা এন্ট্রিও সম্পন্ন হচ্ছে।
- **চ্যালেঞ্জসমূহঃ** কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ এবং নতুন পদ্ধতি গ্রহণে ভীতি ও অনীহা।
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** নিজস্ব কর্মচারী এবং আউট সোর্সিং এর মাধ্যমে ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করা হচ্ছে। পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ জেলা রেকর্ডরুমের সকল রেকর্ডের ডাটা এন্ট্রি সম্পন্ন করা।
- **বাস্তবায়ন এলাকাঃ** মেহেরপুর জেলা।
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.০৭.২০১৬ খ্রিস্টাব্দ।
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ২০১৬-২০১৭ অর্থবছর।
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** সকল সেবাগ্রহীতা।
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
- **বরাদ্দের পরিমাণ:** ১৬.২০ লক্ষ টাকা।
- **বাস্তবায়নকারীঃ** জেলা প্রশাসক, মেহেরপুর।
- **জেলাঃ** মেহেরপুর।
- **বিভাগঃ** খুলনা।

## ৩। প্রতিটি উপজেলা ভূমি অফিসে হেল্প ডেস্ক স্থাপন।

- **সমস্যাঃ** সেবাগ্রহীতাগণ তাঁদের কাজ বা সমস্যার বিষয়ে কার সাথে কথা বলবেন সে বিষয়ে হয়রানি এবং কখনও কখনও প্রতারণার শিকার হতেন। এক টেবিল থেকে অন্য টেবিলে ঘুরতে হতো।
- **সমস্যার মূল কারণঃ** কোন হেল্প ডেস্ক বা তথ্য কেন্দ্র বা এ ধরণের ব্যবস্থা না থাকা।
- **সমাধানঃ** প্রতিটি উপজেলা ভূমি অফিসে হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে।
- **ফলাফলঃ** সেবাগ্রহীগণকে হেল্প ডেস্কে স্বাগত জানানোর মাধ্যমে তাঁদের কাজ বা সমস্যার বিষয়ে শুনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। ফলে সেবাগ্রহীতাগণ অহেতুক হয়রানি বা প্রতারণা থেকে রেহাই পাচ্ছেন এবং সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সাথে কথা বলে তাঁদের কাজ বা সমস্যা সমাধান করতে পারছেন।
- **চ্যালেঞ্জসমূহঃ** পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত জনবল এবং অবকাঠামোগত সুবিধাদির অপ্রতুলতা।
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** বিদ্যমান জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে সেবাদানে আরও আন্তরিক উদ্বুদ্ধ করা হচ্ছে। অবকাঠামোগত সুবিধাদির বিষয়ে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ হেল্প ডেস্কের ব্যবস্থাপনা আরও উন্নতকরণ।
- **বাস্তবায়ন এলাকাঃ** সকল উপজেলা ভূমি অফিস।
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.০৭.২০১৬ খ্রিস্টাব্দ।
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** চলমান।
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** সকল সেবাগ্রহীতা।
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** নিজস্ব ব্যবস্থাপনা।
- **বাস্তবায়নকারীঃ** সহকারী কমিশনার (ভূমি), (সকল) মেহেরপুর জেলা।
- **জেলাঃ** মেহেরপুর।
- **বিভাগঃ** খুলনা।

## ৪। অনলাইনের মাধ্যমে ভূমি সংক্রান্ত যাবতীয়সেবা প্রদান

- **সমস্যাঃ** সেবাগ্রহীতাগণ নির্ধারিত সময়ে অনুপস্থিত থাকা,অসচেতনতা ও আইসিটি সর্ম্পকে সচ্ছ ধারণা না থাকায় এবং নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ না থাকা
- **সমস্যার মূল কারণঃ** অত্র এলাকা অধিকাংশ কৃষি নির্ভর হওয়ায়সেবাগ্রহীতাগণ সঠিক সময়ে উপস্থিত না হওয়ায় সঠিক সময়ে সঠিক সেবা না পাওয়া
- **সমাধানঃ** অনলাইনের মাধ্যেমে নির্দিষ্ট সাইটে আবেদন গ্রহণ ও মোবাইলের মাধ্যমে  অবগত করণ
- **ফলাফলঃ** সঠিক সময়ে সঠিক সেবা প্রদান করা
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** আইসিটি সম্পর্কে অদক্ষতা ,অসচেতনতা পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ আইসিটি সম্পর্কে ভূমি সংশ্লিষ্ট সকলকে দক্ষতা বৃদ্ধি করণ করা
- **বাস্তবায়ন এলাকাঃ** উপজেলা মোহনপুর,রাজশাহী
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ১২/০৮/২০১৬খ্রিঃ
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ০১/০৩/২০১৭খ্রিঃ
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** কৃষক,শিক্ষক,চাকুরীজীবি প্রায়-১,০০০,০০ জন
- **ব্যায়ের পরিমাণ ও উৎসঃ** ৭০,০০০/- টাকা,জেলা প্রশাসক মহোদয়ের অনুদান, স্থানীয় অনুদান
- **বাস্তবায়নকারীঃ** উপজেলা নির্বাহী অফিসার,মোহনপুর,রাজশাহী
- **জেলাঃ** রাজশাহী
- **বিভাগঃ** রাজশাহী

**৫। জনবান্ধব ভূমি অফিস**

- **সমস্যাঃ** বসাব জায়গা, পানির ব্যবস্থা, সাইকেল/মোটরসাইকেল রাখা, রেকর্ডরুমে নথি রাখা
- **সমস্যার মূল কারণঃ** পর্যাপ্ত অর্থ বরাদ্দ
- **সমাধানঃ** ভূমি মন্ত্রণালয়ের ১১,০০,০০০/- টাকা বরাদ্দ সাপেক্ষে
- **ফলাফলঃ** বসার জন্য গোল চত্তর নির্মাণ, সুপেয় পানির ব্যবস্থা গ্রহণ, সাইকেল/মোটরসাইকেল রাখার গ্যারেজ নির্মাণ, রেকর্ডরুমে নথি রাখার জন্য রেকর্ডরুম বিন্যাস্তকরণ ও i¨vK নির্মাণ
- **বাস্তবায়ন এলাকাঃ** উপজেলা ভূমি অফিস, চাঁপাইনবাবগঞ্জ সদর
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.০১.**২০১৬ খ্রি.**
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ৩১.১২.২০১৬ খ্রি.
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** সাধারণ জনগণ ১০,০০০ জন
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** ১১,০০,০০০/- টাকা
- **বাস্তবায়নকারীঃ** সহকারী কমিশনার (ভূমি)
- **জেলাঃ** চাঁপাইনবাবগঞ্জ
- **বিভাগঃ** রাজশাহী

## ৬। ক) অডিও রেকডিং এর মাধ্যমে সেবা সহজীকরণ, খ) মিস কেস সহজীকরণ, গ) খারিজ কেস সহজীকরণ

- **সমস্যা**: ক) সেবা গ্রহীতাদের সেবা প্রক্রিয়া ও সেবা মূল্য সম্পর্কে অজ্ঞতা, খ) সেবা গ্রহীতাদের সেবা প্রক্রিয়া ও সেবা মূল্য সম্পর্কে অজ্ঞতা, গ) সেবা গ্রহীতাদের সেবা প্রক্রিয়া ও সেবা মূল্য সম্পর্কে অজ্ঞতা
- **সমস্যার মূল কারণঃ** ক) জনসচেতনা বৃদ্ধি, খ) জনসচেতনা বৃদ্ধি, গ) জনসচেতনা বৃদ্ধি
- **সমাধানঃ** ক) বাংলাদেশ বেতারের সহযোগিতায় অডিও রেকর্ডিং প্রস্তুতকরণ, খ) সফট্ওয়ারের এসএমএস, হাইপারলিংক পদ্ধতির ফলে মিসকেসের সময় প্রায় ১৫০ দিন কম লাগছে খরচ প্রায় ৫৬০০/- টাকা কম লাগছে এবং দীর্ঘদিনের মিস কেস স্বল্প সময়ে নিস্পত্তি হচ্ছে। গ) সফট্ওয়ারের এসএমএস, হাইপারলিংক পদ্ধতির ফলে এবং দীর্ঘদিনের মিস কেস স্বল্প সময়ে নিস্পত্তি হচ্ছে।
- **ফলাফলঃ** ক) অডিও রেকর্ডিং এর মধ্যমে জনগণ সেবা সম্পর্কে সচেতন হচ্ছে এবং নিরক্ষর/অল্প শিক্ষিত জনগণ সহজে অডিও রেকর্ডিং শুনে সেবা সম্পর্কে অবহিত হচ্ছেন ও উপকার পেতে শুরু করেছেন। খ) সফট্ওয়ারের এসএমএস, হাইপারলিংক পদ্ধতি চালু হওয়ার মাধ্যমে জনগণ সেবা সম্পর্কি সচেতন হচ্ছে এবং সহজে সেবা সম্পর্কে অবহিত হচ্ছেন ও উপকার পেতে শুরু করেছে। গ) সফট্ওয়ারের এসএমএস, হাইপারলিংক পদ্ধতি চালু হওয়ার মাধ্যমে জনগণ সেবা সম্পর্কি সচেতন হচ্ছে এবং সহজে সেবা সম্পর্কে অবহিত হচ্ছেন ও স্বল্প সময়ে উপকার পেতে শুরু করেছে।
- **বাস্তবায়ন এলাকাঃ** উপজেলা ভূমি অফিস, নাচোল
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.০১.২০১৬ খ্রি.
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ৩১.১২.২০১৬ খ্রি.
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** ক) ৭০০০ জন (খ) ১০০০ জন (গ) ১২০০০ জন
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** (ক) ৪০,০০০/- টাকা (খ) ২০,০০০/- টাকা (গ) ৩৫,০০০/- টাকা (আনুসংগিক খাত)
- **বাস্তবায়নকারীঃ** সহকারী কমিশনার (ভূমি), নাচোল
- **জেলাঃ** চাঁপাইনবাবগঞ্জ
- **বিভাগঃ** রাজশাহী

## ৭। সেবা প্রার্থীদের জন্য ওয়েটিং সিট নতুন রেকর্ডরুম নির্মাণ, অফিস এলাকায় পাকা রাস্তা নির্মাণ ও ইউনিয়ন ভূমি অফিস সংস্কার

- **সমস্যাঃ** দেরীতে বরাদ্দ প্রাপ্ত
- **সমস্যার মূল কারণঃ** দেরীতে বরাদ্দ প্রাপ্ত
- **সমাধানঃ** সময়মত বরাদ্দ প্রদান
- **ফলাফলঃ** সেবা প্রার্থীদের সমস্যা সরাসরি শ্রবণ, দ্রুততম সেবা প্রদান, জনহয়রানী হ্রাস, দালালদের দৌরাত্ম্য দূরীভূতকরণ, সেবার মান উন্নয়ন, টেকসই সেবা প্রদান নিশ্চিত করণ
- **চ্যালেঞ্জসমূহঃ** জনবল স্বল্পতা ও সেবা প্রার্থীদের অসচেতনতা
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** জনবল বৃদ্ধি ও সেবা প্রার্থীদের সচেতন করা
- **পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ** ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদান
- **বাস্তবায়ন এলাকাঃ** সমগ্র ভোলাহাট উপজেলা
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১.০৫.২০১৫
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ৩০.১২.২০১৬
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** সেবা প্রত্যাশি নারী পুরুষ আনুমানিক ২৫,০০০
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** ২,০০,০০০/-, ভূমি মন্ত্রণালয়ের বরাদ্দ
- **বাস্তবায়নকারীঃ** সহকারী কমিশনার (ভূমি)
- **জেলাঃ** চাঁপাইনবাবগঞ্জ
- **বিভাগঃ** রাজশাহী

## ৮। ভূমি সংস্কার বোর্ড হতে মাঠ পর্যায়ের অফিস সমূহে দ্রুত বাজেট স্থানান্তর

- **সমস্যাঃ** অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দ প্রাপ্তির পর জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা ও ভূমি অধিগ্রহন শাখা, উপজেলা/সার্কেল ভূমি অফিস এবং ইউনিয়ন/পৌর/সার্কেল ভূমি অফিস সমূহের বাজেট ভূমি সংস্কার বোর্ড হতে উপবিভাজন পূর্বক প্রেরণ করা হয়ে থাকে। উপবিভাজন এবং ডাকে প্রেরণের মাধ্যমে বাজেটের কপি সংশ্লিষ্ট অফিস সমুহে গিয়ে পৌঁছাতে বেশ বিলম্ব হয়। কখনও কখনও কোন কোন দূরবর্তি অফিসে বাজে্টের হার্ডকপি পৌঁছাতে মাসাধিককাল বিলম্ব হয়ে যায়।
- **সমস্যার মূল কারণঃ** অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দের কপি পাওয়ার আগেই কিছু প্রাক্‌প্রস্তুতি গ্রহণের ফলে উপবিভাজনের সময়কাল কিছুটা কমিয়ে আনা সম্ভব হলেও পোস্ট অফিসের মাধ্যমে কোন কোন ভূমি অফিসে বাজেটের হার্ড কপি পৌঁছাতে বিলম্ব হয়।
- **সমাধানঃ** বাজেট দ্রুত উপবিভাজন পূর্বক স্বাক্ষরিত কপি স্ক্যান করে তাদের জন্য প্রস্তুতকৃত গ্রুপমেইল (aclandall.gov.bd)/ব্যক্তিগত ইমেইল এবং ভূমি সংস্কার বোর্ডের ওয়েব সাইটে (http://www.lrb.gov.bd/) আপলোড করে তাৎক্ষণিকভাবে টেলিফোনে তাদেরকে জানিয়ে দেয়া। জেলা প্রশাসকের কার্যালয়ে দ্রুত ফ্যাক্সের মাধ্যমে বাজেটের কপি পাঠিয়ে দেয়া হয়।
- **ফলাফলঃ** অর্থ বিভাগ হতে বরাদ্দ প্রাপ্তির পর প্রতিটি অফিসের বাজেট ৭-১০ দিনের মধ্যেই পাঠানো সম্ভব হচ্ছে। পূর্বে এ সময় ছিল ২৫-৩০দিন। কখনও কখনও এর চেয়েও বেশী বিলম্ব হতো।
- **চ্যালেঞ্জ সমুহঃ**

  (ক). সহকারী কমিশনার (ভূমি)গণকে ই-মেইল ব্যবহারে অভ্যস্থ করে তোলা।

  (খ). অধিকাংশ উপজেলা/সার্কেল ভূমি অফিসে ফ্যাক্স মেশিন না থাকা।

  (গ). নিয়মিত ইমেইল চেক করার অভ্যাস না থাকা।

  (ঘ). কোন কোন ভূমি অফিসে কম্পিউটার/ইন্টারনেট যোগাযোগ ভাল নয়।
- **চ্যালেঞ্জ মোকাবিলাঃ** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সহায়তায় সহকারী কমিশনার(ভূমি)গনের জন্য এবং ভূমি সংস্কার বোর্ডের জন্য গ্রুপমেইল তৈরী করা হয়েছে। গ্রুপ মেইল ব্যবহারে তাঁদেরকে উৎসাহিত করা হচ্ছে। গ্রুপ মেইল ব্যবহারে সমস্যার ক্ষেত্রে তাদের ব্যক্তিগত ইমেইলে তথ্য পাঠানো হচ্ছে। উপজেলাওয়ারী সহকারী কমিশনার(ভূমি)গনের সুনির্দিষ্ট টেলিফোন নম্বর না থাকায় তা http://www.bangladesh.gov.bd/ ওয়েবসাইট হতে সংগ্রহ করে ব্যবহার করা হচ্ছে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কম্পিউটার সামগ্রী সরবরাহ করা হচ্ছে।
- **পরবর্তি করণীয়/ভাবনা/পদক্ষেপঃ** মাঠ পর্যায়ে যোগাযোগের জন্য নূতন কোন সহজ ও দ্রুততর পদ্ধতি উদ্ভাবন না হওয়া অবধি বর্তমান প্রক্রিয়া অব্যাহত রাখা। সহকারী কমিশনার (ভূমি)গণকে তাঁদের জন্য তৈরীকৃত গ্রুপ মেইল ব্যবহারে অভ্যস্ত করে তোলা।
- **বাস্তবায়ন এলাকাঃ** সমগ্র বাংলাদেশ।
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০৭/০৮/**২০১৬ খ্রিঃ ।**
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ৩১/০৮/২০১৬।
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** ১৮,০০০ (আঠার হাজার) কর্মচারী।
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** অফিসে ব্যবহার্য স্ক্যানার, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, টেলিযোগাযোগ ও ইন্টারনেট ।
- **বাস্তবায়নকারীঃ** ভূমি সংস্কার বোর্ড।
- **জেলাঃ** সকল।
- **বিভাগঃ** সকল।

## ৯। অনলাইনে অডিট রিপোর্ট দাখিলের ব্যবস্থা করা (১ম পর্যায়ে ঢাকা ও গাজীপুর)।

- **সমস্যাঃ** অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করা যায় না।
- **সমস্যার মূল কারণঃ** অডিট রিপোর্ট প্রাপ্তিতে দীর্ঘ সময় লাগে, ফলে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হয় না।
- **সমাধানঃ** অনলাইনে (দাপ্তরিক ওয়েবসাইট তৈরির মাধ্যমে) অডিট রিপোর্ট প্রদান।
- **ফলাফলঃ** ঢাকা ও গাজীপুর দপ্তরের ওয়েব সাইটে অডিট রিপোর্ট দাখিলের কার্যক্রম চুড়ান্ত পর্যায় রয়েছে।
- **চ্যালেঞ্জসমূহঃ** প্রযোজ্য নয়।
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** প্রযোজ্য নয়।
- **পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ** পর্যায়ক্রমে বিভাগীয় জেলা সমূহে অডিট রিপোর্ট অনলাইনে দাখিল।
- **বাস্তবায়ন এলাকাঃ** ঢাকা, গাজীপুর জেলা।
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** ০১/০৭/২০১৬খ্রিঃ
- **উদ্ভাবনী শেষ হোয়ার সম্ভাব্য তারিখঃ** ৩১/১২/২০১৭খ্রিঃ
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** অডিট আপত্তি সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষনিক ভাবে অবগত হন। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হয়।
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** ১৫,০০০/- (পনর হাজার টাকা মাত্র)
- **বাস্তবায়নকারীঃ** হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)
- **জেলাঃ** ঢাকা
- **বিভাগঃ** ঢাকা

## ১০। অনলাইনে প্রশিক্ষণ কোর্সের রেজিষ্ট্রেশন ও প্রশিক্ষণ কোর্সের বক্তা মূল্যায়ন।।

- **সমস্যাঃ** প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণার্থীর নাম, ঠিকানা ও প্রকৃত সংখ্যা জানা যায় না।
- **সমস্যার মূল কারণঃ** জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভূমি মন্ত্রণালয় হতে নোমিনেশন পাওয়ার পর প্রশিক্ষণ শুরুর দিনে প্রশিক্ষণার্থীরা উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন করে। ফলে যথাযথভাবে প্রশিক্ষণ শুরু করতে অধিক সময় ব্যয় হয়।
- **সমাধানঃ** জনপ্রশাসন মন্ত্রণালয় ও ভূমি মন্ত্রণালয় হতে নোমিনেশন পাওয়ার সাথে সাথে অনলাইন রেজিস্ট্রেশন করলে প্রকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা জানা যাবে ও সেভাবে প্রস্তুত নেয়া সম্ভব হবে।
- **ফলাফলঃ** বাস্তবায়িত হয়েছে।
- **চ্যালেঞ্জ সমূহঃ** নিজস্ব সার্ভার না থাকায় অনলাইন রেজিস্ট্রেশন অ্যাপসটি বিসিসি ' র সার্ভারে হোস্টিং করা। ফলে নিরাপত্তা জনিত কারণে অনেক ফাইল আপলোড নিয়ন্ত্রণ রাখা (Restrain) হয়।
- **চ্যালেঞ্জ মোকাবেলাঃ** সফটওয়ার ডেভলেপমেন্ট কোম্পানীর সাথে বিবিসি ' র সংশ্লিষ্ট ডেস্ক এর সঙ্গে বারংবার যোগাযোগ স্থাপন করে নির্ধারিত নিয়মে অ্যাপসটি সুষ্ঠুভাবে পরিচালিত হচেছ।
- **পরবর্তী করণীয়/ভাবনা/পদক্ষেপঃ** অন লাইনে হ্যান্ডআউট বিতরণঃ প্রশিক্ষণে মানোনয়ন।
- **বাস্তবায়ন এলাকাঃ** ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
- **উদ্ভাবনী শুরুর তারিখঃ** মার্চ ০১, ২০১৬
- **উদ্ভাবনী শেষ হওয়ার সম্ভাব্য তারিখঃ** ডিসেম্বর ৩১, ২০১৬
- **সুবিধাভোগীর ধরণ ও সংখ্যাঃ** প্রশিক্ষণার্থী, ৬৭ জন।
- **ব্যয়ের পরিমাণ ও উৎসঃ** ১.০০ (এক) লক্ষ টাকা
- **বাস্তবায়নকারীঃ** "প্রমিতি কম্পিউটার এন্ড নেটওয়ার্ক (প্রাঃ) লিঃ " এর সহায়তায় ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- **জেলাঃ** ঢাকা
- **বিভাগঃ** ঢাকা।

**--- সমাপ্ত ---**